

স্মারক নম্বর: ৪৬.০৪২.০১৪.৫৯.০২.১১৪.২০১৩.২০৬৪

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৮

৩০ সেপ্টেম্বর ২০২১

বিষয়: হবিগঞ্জ জেলা পরিষদ কর্তৃক বাস্তবায়নাধীন হবিগঞ্জ জেলার বিভিন্ন উন্নয়ন প্রকল্প পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন।

সূত্র: স্থানীয় সরকার বিভাগের মনিটরিং-১ শাখার স্মারক ৪৬.০৯৯.০১৪.০১.০১.০০৩.২০২০-৩০০, তারিখ: ১৬ সেপ্টেম্বর ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৭ আগস্ট ২০২১ তারিখে স্থানীয় সরকার বিভাগের মনিটরিং ও মূল্যায়ন অধিশাখার ৩(তিন) জন কর্মকর্তা কর্তৃক হবিগঞ্জ জেলা পরিষদের বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্প পরিদর্শন করা হয়। পরিদর্শন প্রতিবেদনে হবিগঞ্জ জেলা সদরে নির্মাণাধীন আধুনিক রেস্ট হাউজ সম্পর্কে নিম্নবর্ণিত পর্যবেক্ষণ ও মতামত প্রদান করা হয়েছে:

পর্যবেক্ষণ:

আধুনিক রেস্ট হাউজ নির্মাণ কাজ চলমান। উক্ত কাজের বিপরীতে এ পর্যন্ত ১,৪৩,১৫,০১২.০০ টাকা ব্যয় মর্মে উল্লেখ করা হয়েছে। পরিদর্শনকালে দেখা যায়, ভবনটি ৪র্থ তলা পর্যন্ত ছাদ নির্মাণ করা হয়েছে। প্রত্যেকটি কক্ষ ও বাথরুম প্লান/ ডিজাইন অনুযায়ী তৈরি করা হচ্ছে। ভিআইপি কক্ষের বাথরুমের ফলস সিলিং নেই। ভিআইপি কক্ষের ভিতর দিয়ে সুয়ারেজ লাইনের পাইপ বসানো হয়েছে। ভবনের দেয়ালের বিভিন্ন অংশে লালচে দেখা যায়। পানিতে অতিরিক্ত মাত্রায় আয়রন থাকায় এ অবস্থা হয় মর্মে পরিদর্শন টিমকে জানানো হয়েছে। রেস্ট হাউসের প্রতি তলায় একটি করে বাথরুম ভেন্টিলেশন ব্যবস্থা নেই। ভেন্টিলেশন না থাকায় বাথরুম ব্যবহার অস্বাস্থ্যকর ও দুর্গন্ধময় হবে। এ বিষয়ে প্রধান নির্বাহী কর্মকর্তা জানান, রেস্ট হাউজের প্লান/ ডিজাইনে মোট ৩টি বাথরুমে ভেন্টিলেশন না থাকায় এভাবে বাস্তবায়ন করা হচ্ছে। বাথরুম ০৩ (তিন) টিতে একটু উপরের দিকে ভেন্টিলেশন ব্যবস্থা স্থাপনের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, হবিগঞ্জ-কে পরামর্শ দেয়া হলো। তবে এ ক্ষেত্রে সৌন্দর্যহানি যাতে না ঘটে সেদিকে খেয়াল রাখা প্রয়োজন। ভবনটির টাইলসের কাজ ছাড়াও অন্যান্য অনেক কাজ বাকি রয়েছে। প্রতিবেদনে ২৭ আগস্ট ২০২০ তারিখে স্কিমের কাজ শুরু করা হলেও বাস্তবে প্রকল্পের কাজ ধীরগতিতে চলমান রয়েছে। প্রকল্পের কাজের সাইট বুক Up to Date পাওয়া যায়নি।

মতামত:

জেলা পরিষদ কর্তৃক বাস্তবায়নাধীন আধুনিক রেস্ট হাউজ নির্মাণ (৪র্থ তলা বিশিষ্ট) কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করার জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, হবিগঞ্জ-কে পরামর্শ দেয়া হয়। স্কিমটি প্লান ও ডিজাইন অনুযায়ী ভিআইপি কক্ষের দরজা ও পানির লাইন স্থাপনসহ ভেন্টিলেশনবিহীন ৩টি বাথরুমে ভেন্টিলেশন ব্যবস্থা সংযোজনের জন্যও প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, হবিগঞ্জ-কে পরামর্শ দেয়া যেতে পারে।

২। এমতাবস্থায়, উল্লিখিত পর্যবেক্ষণ ও মতামতের ভিত্তিতে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে এ বিভাগের মনিটরিং ও মূল্যায়ন অধিশাখা এবং জেলা পরিষদ শাখাকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: প্রতিবেদনের ছায়াছবি।

৩০-৯-২০২১

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী

উপসচিব

ফোন: ৯৫৭৫৫৬৮

ইমেইল: lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, হবিগঞ্জ

স্মারক নম্বর: ৪৬.০৪২.০১৪.৫৯.০২.১১৪.২০১৩.২০৬৪/১(৬)

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৮

৩০ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ২) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৪) উপসচিব, মনিটরিং-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৬) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ

৩০-৯-২০২১

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী

উপসচিব